

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর, নাটোর।

স্মারক নং: ৩২.০১.৬৯০০.০০০.১৬২.২৫.২২-৩৩৭

তারিখ: ০৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

### প্রশিক্ষনার্থী ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নাটোরের মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য় ব্যাচে (০১ জানুয়ারি ২০২৪ হতে ৩১ মার্চ ২০২৪) পর্যন্ত ০৩ মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে দৈনিক হাজিরার ভিত্তিতে ১০০/- (একশত টাকা) যাতায়াত ভাতা প্রদানসহ নিম্নোক্ত ট্রেডে নাটোর জেলার বিভিন্ন এলাকার স্থানীয় অধিবাসী ১৮ থেকে ৪০ বছর বয়সের দুঃস্থ নারীকে প্রশিক্ষণার্থী হিসেবে ভর্তি করা হবে।

ক্রঃ নং	ট্রেডের নাম	আসন সংখ্যা	মেয়াদ	মন্তব্য
১।	আধুনিক দর্জি বিজ্ঞান ও এন্ড্রয়ডারী	২০ জন	০৩ মাস	
২।	বিউটিফিকেশন	২০ জন	০৩ মাস	
৩।	মোমবাতি তৈরী	২০ জন	০৩ মাস	
৪।	নার্সারী/কিচেন গার্ডেনিং	২০ জন	০৩ মাস	
৫।	কাগজের ঠোঙা/ শপিং ব্যাগ তৈরী	২০ জন	০৩ মাস	

যিনি অগ্রাধিকার পাবেনঃ

- ১। মহিলা পরিবার প্রধান (বিধবা, তালাকপ্রাপ্তা, স্বামী পরিত্যক্তা, স্বামীর নিকট হতে বিচ্ছিন্ন অথবা কর্মহীন স্বামীর স্ত্রী)
- ২। প্রশিক্ষণ গ্রহণে দৈহিক ও মানসিকভাবে যোগ্য।
- ৩। আয়বর্ধক কাজে অংশগ্রহণ করতে ইচ্ছুক।

প্রার্থীকে ট্রেডের নাম, নিজ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, পরিবারের মাসিক আয়, বয়স, বৈবাহিক অবস্থা, সন্তান সংখ্যা, শেষ সন্তানের বয়স, শিক্ষাগত যোগ্যতা সহ উপরোক্ত তথ্যাদি উল্লেখ পূর্বক উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, নাটোর বরাবরে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আগামী ০৪/১২/২০২৩ তারিখ হতে ১৪/১২/২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আবেদন ফরম প্রদান ও গ্রহণ করা হবে এবং আগামী ২৬/১২/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে পর্যায়ক্রমে প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

আবেদন পত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

- ১। পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত ছবি।
- ২। নাগরিকত্বের সনদপত্র ১ কপি।
- ৩। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি ১ কপি।
- ৪। জাতীয় পরিচয়পত্র সত্যায়িত ফটোকপি ১ কপি।

০৩/১২/২০২৩  
(শারমিন শাপলা)

উপপরিচালক (অ:দা:)

মহিলা বিষয়ক অধিদপ্তর, নাটোর।

e-mail:dwaonatore@gmail.com

ফোন ও ফ্যাক্স ০২৫৮৮৮৭৩৬৪৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর।
- ৩। .....
- ৪। .....নোটিশ বোর্ড।
- ৫। অফিস কপি।